গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ।

**মিঠামইন উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির জুলাই/২০১৩ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোহাম্মদ সাদেকুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ৩১/০৭/২০১৩ খ্রিঃ, সময় ঃ সকাল ১০:৩০ টা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ, মিঠামইন, কিশোরগঞ্জ। |

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট-''ক'' এবং অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। প্রথমেই তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এরপর তিনি মিঠামইন উপজেলায় বর্তমান সময়ে সন্ত্রাস ও নাশকতা বিষয়ে উপস্থিত সদস্যগণকে বক্তব্য/মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, মিঠামইন উপজেলায় সন্ত্রাস ও নাশকতামূলক কর্মকান্ড নেই। পাশাপাশি সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সমাবেশ করে আলোচনার পরামর্শ দেন তিনি।

উপজেলা মহিলা বিষয়ক অফিসার বলেন যে, মিঠামইন উপজেলার আইন–শৃঙ্খলা পরিস্থিতি ভাল। সন্ত্রাসী ও নাশকতামূলক কর্মকান্ডের কোন তথ্য তার জানামতে নেই।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার এর প্রতিনিধি সভায় বলেন যে, মিঠামইন উপজেলার আইন–শৃঙ্খলা পরিস্থিতি ভাল। সন্ত্রাসী ও নাশকতামূলক কর্মকান্ড নেই।

কেওয়ারজোড় ইউপি চেয়ারম্যান বলেন, তার ইউনিয়নে সন্ত্রাস ও নাশকতামূলক কর্মকান্ড নেই।

ঢাকী ইউপি চেয়ারম্যান বলেন, তার ইউনিয়নে সন্ত্রাস ও নাশকতামূলক কর্মকান্ড নেই। দেশের বর্তমান চলমান রাজনৈতিক প্রেক্ষাপটে এলাকার সন্ত্রাসীরা যাতে মাথাচাড়া দিয়ে উঠতে না পারে সে জন্য তিনি সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন।

উপস্থিত সম্মানিত সদস্য জনাব সমীর কুমার বৈষ্ণব, সদস্য, উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি বলেন যে, মিঠামইন উপজেলার আইন–শৃঙ্খলা পরিস্থিতি ভাল। কোন সন্ত্রাস ও নাশকতা নেই।

মিঠামইন ইউপি চেয়ারম্যান বলেন, তার ইউনিয়নের আইন–শৃঙ্খলা পরিস্থিতি ভাল। কোন ধরনের সন্ত্রাস ও নাশকতা নেই।

চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ এবং উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সম্মানিত উপদেষ্টা সভায় জানান যে, এ উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভাল এবং এখন পর্যন্ত সন্ত্রাসী কর্মকান্ডের ঘটনা ঘটেনি। মিঠামইন উপজেলার বর্তমান শান্তিপূর্ণ পরিবেশ কেহ যেন বিঘ্নিত করতে না পারে সে জন্য সকলকে সচেষ্ট ও ঐক্যবদ্ধ থাকার পরামর্শ দেন তিনি।

অফিসার–ইন–চার্জ, মিঠামইন থানা বলেন, মিঠামইন উপজেলার আইন–শৃঙ্খলা পরিস্থিতি ভাল। এখানে সন্ত্রাস ও নাশকতামূলক কর্মকান্ড নেই। তবে কোন অপশক্তিই যেন বর্তমান রাজনৈতিক স্থিতিশীলতা বিনষ্ট করতে না পারে সেজন্যও সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন।

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এ উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। মসজিদে জুমআর নামাজের খুৎবার পূর্বে জঙ্গীবাদ বিরোধী মডেল বক্তৃতার অনুসরণে বক্তব্য প্রদান করা হয় কিনা সে বিষয়ে নজরদারী বাড়ানোর জন্য তিনি ইসলামিক ফাউন্ডেশনের সুপারভাইজারসহ সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা রোধকল্পে নিয়মিত ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা করে কার্যবিবরণীর কপি প্রেরণের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে পুনরায় অনুরোধ জানান।

**সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ**

**সিদ্ধান্ত-১** ঃ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়ে তোলাসহ এলাকার এরূপ ঘটনার সাথে কেউ জড়িত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ ।
২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-২** ঃ শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস, জঙ্গীবাদ, নাশকতা বিরোধী নৈতিক শিক্ষার বিষয়ে প্রতিদিন সমাবেশে আলোচনার বিষয়টি নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১।** অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ ।
২। উপজেলা শিক্ষা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মিঠামইন, কিশোরগঞ্জ।

**পরবর্তী পৃষ্ঠা-২**

**সিদ্ধান্ত-৩ ঃ** ধর্মীয় জলসায় কেউ যেন উস্কানিমূলক বক্তব্য প্রদান করতে না পারে তৎমর্মে আয়োজকদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১**। অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ ।

**২**। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৪ ঃ** উপজেলায় কেহ যেন সন্ত্রাস ও নাশকতা জাতীয় কর্মকান্ড ঘটাতে না পারে সেজন্য সকলকে সতর্ক থাকতে হবে।

**বাস্তবায়নে ঃ ১**। অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ ।

**২**। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৫ ঃ** মিঠামইন উপজেলার চলমান সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুন্ন রাখার নিমিত্ত সকলকে সচেষ্ট হতে হবে।

**বাস্তবায়নে ঃ ১**। অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ ।

**২**। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

**সিদ্ধান্ত-৬ ঃ** নিয়মিতভাবে ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা করে তার কার্যবিবরণী প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে ঃ ১**। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মিঠামইন, কিশোরগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-
(মোহাম্মদ সাদেকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি
মিঠামইন, কিশোরগঞ্জ।
ফোন ঃ ০৯৪৩৫-৫৬০০১ (অঃ)
ফ্যাক্স ঃ ০৯৪৩৫-৫৬০৩৫
E-mail : unomithamoin@mopa.gov.bd

স্মারক নং-উঃনিঃঅঃ/মিঠা/উঃ সন্ত্রাস ও নাশকতা প্রঃ/২০১৩-৫৫৫(৪০) তারিখ ঃ ৩১/০৭/২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল ঃ

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কিশোরগঞ্জ।
৪। চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ।
৫।............................................................................................................................................।
৬। জনাব....................................................................সদস্য, উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ।
৮।............................................................................................................................................।
৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ

## পরিশিষ্ট- 'ক'

সভায় উপস্থিত উপদেষ্টা/সদস্যদের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী/পরিচয় | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ হাবিবুর রহমান | সহঃ কমিশনার(ভূমি), মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ২ | জনবা মোঃ ইব্রাহিম | সাধারণ সম্পাদক, মিঠামইন বাজার বণিক সমিতি, মিঠামইন, কিশোরগঞ্জ | |
| ৩ | জনাব সমীর কুমার বৈষ্ণব | সদস্য, উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৪ | জনাব মোঃ আফতাব উদ্দিন | চেয়ারম্যান, কেওয়ারজোর ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৫ | জনাব মোঃ বিল্লাল হোসেন মজুমদার | উপজেলা সমাজসেবা অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৬ | জনাব মোঃ শরীফ কামাল এডভোকেট | চেয়ারম্যান, মিঠামইন ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৭ | জনাব মোহাম্মদ রমজান আলী | উপজেলা শিক্ষা অফিসার(ভারঃ), মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৮ | জনাব মোঃ মনিরুজ্জামান | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ৯ | ডাঃ আল মাহমদ লেমন | পক্ষে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১০ | জনাব দীপক চন্দ্র মজুমদার | অফিসার-ইন-চার্জ, মিঠামইন থানা, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১১ | হাজী আহাম্মদ আলী চৌধুরী | সভাপতি, মিঠামইন বাজার বণিক সমিতি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১২ | জনাব মোঃ শাহজাহান মিয়া | সদস্য,উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মিঠামইন | অস্পষ্ট |
| ১৩ | জনাব মোঃ আহসানুল জাহীদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিঠামইন | অস্পষ্ট |
| ১৪ | জনাব মোঃ ফাইজুল কবীর | কমান্ডার (ভাঃ), উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড, মিঠামইন, | অস্পষ্ট |
| ১৫ | জনাব মাহবুবা রহমান | মহিলা ভাইস চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৬ | জনাব মোঃ আইয়ুব আলী | ভাইস চেয়ারম্যান, মিঠামইন উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৭ | জনাব রইছউদ্দিন আহাম্মদ | চেয়ারম্যান, কাটখাল ইউপি, মিঠামইন, কিশোরগঞ্জ | অস্পষ্ট |
| ১৮ | জনাব ইয়াকুব আলী খন্দকার | সুপার, চমকপুর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ঘাগড়া, মিঠামইন | অস্পষ্ট |

## পরিশিষ্ট- 'খ'

সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | আঃ হক | অধ্যক্ষ, মিঠামইন ডিগ্রী কলেজ, কিশোরগঞ্জ |
| ২ | ------------------------- | প্রধান শিক্ষিকা, তমিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৩ | জনাব মোঃ নূরুল ইসলাম সিদ্দিক | বীর মুক্তিযোদ্ধা ও সদস্য, উপজেলা সন্ত্রাস ও নাশকতা কমিটি |
| ৪ | জনাব বোরহান উদ্দিন চৌধুরী | চেয়ারম্যান, ঘাগড়া ইউনিয়ন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৫ | জনাব মাঈনউদ্দিন খন্দকার | সভাপতি, সার ব্যবসায়ী সমিতি, মিঠামইন |
| ৬ | জনাব সুভাষ চন্দ্র বৈষ্ণব | প্রধান শিক্ষক, হাজী তায়েব উদ্দিন উচ্চ বিদ্যালয় |
| ৭ | মোছাঃ আছিয়া আলম | প্রাক্তন চেয়ারম্যান, মিঠামইন ইউপি, কিশোরগঞ্জ |
| ৮ | জনাব মোঃ নাজিমউদ্দিন | সদস্য, উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ৯ | জনাব সুলতানা রাজিয়া | সদস্য, উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মিঠামইন, |
| ১০ | জনাব মোঃ কুতুব উদ্দিন চৌধুরী | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারঃ) মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১১ | জনাব এন,এম, বদরুজ্জামান তালুকদার | উপজেলা একাডেমিক সুপারভাইজার, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১২ | জনাব আবুল কালাম | সভাপতি, কাঠ ব্যবসায়ী সমিতি, মিঠামইন বাজার, কিশোরগঞ্জ |
| ১৩ | জনাব কুটিল চন্দ্র দাস | সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ |
| ১৪ | জনাব মোঃ শফিকুল ইসলাম (ইসলু) | সদস্য, উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ। |
| ১৫ | মাহতাব উদ্দিন চৌধুরী | সদস্য, উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, মিঠামইন, কিশোরগঞ্জ |

সমাপ্ত